

তাল-কাওয়ালী

রাগিনী-দেশ

বাবা গুরুচাঁদ তোমায় কি দিয়া পূজিব ।  
আমার কিছুই নাই দেব সকলই অভাব ॥

১। কেমনে তোমায় আবাহন গীতি গাহিব,  
কি দিয়ে তোমার মঙ্গল আরতী বাজাব ॥  
এই ছিন্ন-তন্ত্রের হৃদয়-যন্ত্রে,  
কেমনে হইবে সে ভাব ॥

২। মন-তুলসী তব চরণে দিব,  
ভক্তি-চন্দন প্রভো শ্রীঅঙ্গে ছড়া'ব ॥  
হায় গো মায়াবী পিশাচী এসে,  
আমার হরিয়া লইল সব ॥

৩। এ দেহ নৈবেদ্য সাজিয়ে দিব,  
ভাবিতেছি হায় কেমনে দানিব ।  
তোমারই দেওয়া সুনির্মল বপু,  
কাম-কুক্কুরে স্পর্শিল দেব ॥

৪। চরণে অঞ্জলি ঢালিয়া দিব,  
প্রেমবারি নাই কোথা গিয়ে পাব ।  
তোমারই দেওয়া পুষ্প-বীথি,  
শুষ্ক হাতে কেমনে দিব ॥

৫। কমলা-সেবিত চরণে লালসা,  
কেমনে পুরিবে মনের এ দুরাশা ॥